দৈনিক সংবাদ

পরিসংখ্যান ব্যুরো ... ডকুমেন্টেশন সেল ...

তারিখ 11 NOV 1988
পৃষ্ঠা 1 কলাম 7

138

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের বুধবারের ঘটনা সম্পর্কে তদন্ত কমিটি গঠিত

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

বুধবার রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে সংঘটিত ঘটনা তদন্ত করে দেখার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ৫ সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করেছেন। তদন্ত কমিটিকে অবিলম্বে রিপোর্ট জমা দিতে বলা হয়েছে।

(শেষ পৃ: ৯-এর ক: ৪:)

## ঢাকা বিশ্ববিদ্যালয়

(১ম পাতার পর)

গতকাল বৃহস্পতিবার ক্যাম্পাস শান্তই ছিল। ৩টি আবাসিক হল থেকে বুধবার রাতে যাদের বের করে দেয়া হয়েছিল তাদের অনেকেই গতকাল নিজেদের হলে ফিরেছে। বুধবারের ঘটনার প্রতিবাদে ছাত্র সংগ্রাম পরিষদ গতকাল বিক্ষোভ মিছিল বের করে। একজন হল প্রাধ্যক্ষের সাথে রাতে যোগাযোগ করা হলে তিনি জানান পুলিশ ক্যাম্পাস পরিস্থিতির ওপর সতর্ক দৃষ্টি রাখছে। বঙ্গবন্ধু হলের প্রাধ্যক্ষ জানান, বুধবার রাতে তার হলে কোন কক্ষ ভাঙচুরের ঘটনা ঘটেনি, কিছুসংখ্যক যুবক হলের ডাইনিং রুমের কাঁচ ভাঙচুর করেছে।

কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ এক বিবৃতিতে বুধবার রাতে পরিষদের মিছিলের ওপর সশস্ত্র হামলার নিন্দা করেছে এবং আজ বিকেল ৪ টায় সূর্যসেন হল প্রাঙ্গণে এক প্রতিবাদ সভা আহ্বান করেছে।

জাতীয়তাবাদী ছাত্রদল এক বিবৃতিতে বলেছে, বুধবার রাতের ঘটনার জন্য তাদেরকে দায়ী করে ছাত্র সংগ্রাম পরিষদের দেয়া বক্তব্য এবং সংবাদপত্রে প্রকাশিত খবর ভিত্তিহীন।